# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763


স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/ ৩১৯ তারিখঃ ২৪-০৪-২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

হাওর এলাকার আগাম বন্যার পানি নিস্কাশন বৃদ্ধির লক্ষ্যে কিশোরগঞ্জ জেলার কুলিয়ারচর ও ভৈরব উপজেলাধীন কালী নদী ড্রেজিংয়ের মাধ্যমে মেঘনা নদী ও ব্রহ্মপুত্র নদের মধ্যে সংযোগ স্থাপনের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সম্ভাব্যতা যাচাই করে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বহিঃ সদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মুহাম্মদ মাসউদ, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | ড. মনিরুজ্জামান খান ইউসুফ জাই, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ। | সদস্য |
| ৮। | প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) বর্ণিত হাওর এলাকার সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে নদী/খালসমূহের প্রবাহ ও নিস্কাশন সমস্যা চিহ্নিত করে উল্লিখিত আগাম বন্যার কারণ ও মৌসুমভিত্তিক গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শন পূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) প্রস্তাবিত এলাকার সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে নদী/খালসমূহের আগাম বন্যা প্রতিরোধকল্পে নিস্কাশন ব্যবস্থার উন্নয়নে উল্লিখিত নদী সংযোগ, প্লাবন ভূমি ব্যবস্থাপনা পরিকল্পনার্থে সম্ভাব্যতা যাচাই এবং সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থানসহ বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসন এবং অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তন বিবেচনায় নিয়ে হাওর এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে হালনাগাদ ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সিড়ি ও বেঞ্চ নির্মাণ, গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;

ট) প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ঠ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ড) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন এবং প্রয়োজনে দাখিলকৃত প্রতিবেদন চূড়ান্তকরনের জন্য বোর্ডে অনুষ্ঠিতব্য সভায় আলোচনার জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপন করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy(Text)** অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৪/৪/১৯

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মুহাম্মদ মাসউদ, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা ।
৫। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। ড. মনিরুজ্জামান খান ইউসুফ জাই, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।
৭। নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ।
৮। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।
২। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪-৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১/ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ঢাকা/ময়মনসিংহ।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮-৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা।